# FBCCI পরিচালনা পর্ষদের নির্বাচন ২০২৩-২০২৫

**প্রার্থী ও ভোটারদের জন্য নির্দেশিকা**

**<u>ভোট প্রদান বিষয়ে নির্দেশিকা</u>**

| | | |
|---|---|---|
| ভোট গ্রহনের তারিখ | ঃ | ৩১ জুলাই, ২০২৩ |
| স্থান | ঃ | বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)<br>শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা। |
| সময় | ঃ | সকাল ৯.০০টা - বিকাল ৪.০০টা (বিরতিহীন) |

১. আগামী ৩১ জুলাই, ২০২৩ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের সেলিব্রেটি হলে সকাল ৯.০০টা থেকে বেলা ৪.০০টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহন করা হবে।

২. ভোটার ছাড়া কারো নির্বাচন কেন্দ্রে প্রবেশাধিকার থাকবে না। নির্ধারিত ভোটার আইডি কার্ড ছাড়া কোন প্রার্থী এবং ভোটারদের ভোট কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

৩. কোন প্রার্থী বা ভোটার নির্বাচন কেন্দ্রে কোন প্রকার আগ্নেয়াস্ত্র বা বিপদজনক কোন বস্তু বহন করতে পারবেন না।

৪. নির্বাচন কেন্দ্র বা তার আশেপাশে কোন প্রার্থী উপহার সামগ্রী প্রদান করতে পারবেন না।

৫. ভোট গ্রহন শুরু হলে ভোটারগণ সুশৃঙ্খলভাবে ভোট প্রদানের জন্য ভোট কেন্দ্রে প্রবেশ করবেন এবং ভোট প্রদান শেষ হলে ভোট কেন্দ্র ত্যাগ করবেন। ভোটিং এলাকায় বিনা প্রয়োজনে বিচরন/ঘোরাফেরা করতে পারবেন না।

৬. ভোট গ্রহন শুরুর ১৫ মিনিট পূর্বে প্রার্থীদের উপস্থিতিতে স্বচ্ছ ব্যালট বক্স উন্মুক্ত করে প্রদর্শন করা হবে এবং বন্ধ করা হবে।

৭. একজন ভোটারকে শুধুমাত্র তার নিজের ব্যালট পেপারটি দেয়া হবে। কোন ডুপ্লিকেট/ অতিরিক্ত ব্যালট দেয়া হবে না। ব্যালট পেপার দেয়ার সময়ে ভোটারদের নিকট থেকে আইডি কার্ডটি নিয়ে নেয়া হবে। কার্ডটি আর ফেরত দেয়া হবে না।

৮. একজন ভোটার ব্যালট পেপারে উল্লিখিত প্রার্থীদের মধ্য হতে ২৩ জনকে ভোট দিবেন। ২৩ জনের বেশী বা কম হলে ভোট/ব্যালট পেপারটি বাতিল বলে গণ্য হবে।

৯. ব্যালট পেপার নিয়ে গোপন কক্ষে ভোট প্রদান করে স্বচ্ছ বাক্সে ফেলতে হবে। ব্যালট পেপার নিয়ে পোলিং এলাকায় ঘোরাফেরা করা যাবে না।

১০. শুধুমাত্র ব্যালট পেপারের নির্ধারিত স্থানে 'X' ক্রস চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করতে হবে।

| ব্যালট নং | প্রার্থীর নাম | ভোটার নম্বর | ছবি | 'X' প্রদান করুন |
|---|---|---|---|---|
| | | | | |

১১. ক্রস চিহ্নের পরিবর্তে অন্য কোনভাবে ভোট প্রদান করা হলে তা গ্রহনযোগ্য হবে না। এমনকি শুধুমাত্র নির্ধারিত স্থানেই ভোট প্রদান করতে হবে। অন্য কোথাও যেমন প্রার্থীর নাম বা ছবির উপর ক্রস চিহ্ন দিলেও তা গ্রহনযোগ্য হবে না। ভোট বাতিল হবে। ভোট প্রদানের ক্ষেত্রে কোন কাটাকাটি/ওভার রাইটিং হলে সেই ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

১২. ভোট প্রদানকালে ভোটারগণ ব্যালট পেপারের কাউন্টার ফয়েলে স্বাক্ষর করবেন। ভোটারের স্বাক্ষর অবশ্যই এসোসিয়েশন থেকে প্রদত্ত নমিনেশন ফর্মের নমুনা স্বাক্ষরের সাথে মিল থাকতে হবে।

১৩. কোন প্রার্থী বা ভোটার তার নির্বাচনের নির্ধারিত আইডি কার্ড কাউকে হস্তান্তর করতে পারবেন না।

১৪. নির্বাচন কেন্দ্রের ভেতরে মোবাইল ফোনে কথা বলা যাবে না। নির্বাচন কেন্দ্র বা ভোট প্রদানের গোপন কক্ষে ছবি তোলা বা ভিডিওগ্রাফি করা যাবে না। ফেসবুক বা অন্য কোন সোশ্যাল মিডিয়ায় লাইভ প্রচারণা করা যাবে না।

১৫. ভোট প্রদানের গোপন কক্ষে (পোলিং বুথ) মোবাইল ফোন নেয়া যাবে না। ভোট প্রদান কালে বুথে প্রবেশের মুখে রক্ষিত টেবিলে মোবাইল ফোনটি রেখে যেতে হবে।

১৬. ভোট কেন্দ্র এলাকা ধুমপান মুক্ত। ভোট কেন্দ্র এলাকায় নিরবতা বজায় রাখতে হবে।

১৭. ভোট কেন্দ্রে কোন ধরণের খাদ্য গ্রহন করা যাবে না। উল্লেখ্য যে, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) কর্তৃপক্ষ বাইরের কোন খাবার বিআইসিসি প্রাঙ্গনে অনুমোদন করে না।

১৮. অন্য ভোটারের আইডি কার্ড নিয়ে প্রক্সি ভোট দেয়া সম্পূর্ণরূপে বেআইনী।


১৯. নির্বাচন কেন্দ্রে ১০টি পোলিং টেবিল থাকবে। নিম্নরূপ পোলিং টেবিল থেকে ব্যালট পেপার সংগ্রহ করতে হবেঃ

| টেবিল নং | ভোটার নং |
|---|---|
| ১ | ১-২০০ |
| ২ | ২০১-৪০০ |
| ৩ | ৪০১-৬০০ |
| ৪ | ৬০১-৮০০ |
| ৫ | ৮০১-১০০০ |
| ৬ | ১০০১-১২০০ |
| ৭ | ১২০১-১৪০০ |
| ৮ | ১৪০১-১৬০০ |
| ৯ | ১৬০১-১৮০০ |
| ১০ | ১৮০১-১৯৯০ |


২০. নির্বাচনকে সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে নির্বাচন বোর্ড, নির্বাচনে নিযুক্ত কর্মকর্তা ও আইন শৃঙ্খলা বাহিনীকে সহায়তা করুন।

# FBCCI পরিচালনা পর্ষদের নির্বাচন ২০২৩-২০২৫

## ভোট দেয়ার সঠিক পদ্ধতি



## নিম্নোক্ত চিহ্ন গ্রহনযোগ্য হবে না




- ব্যালট পেপারে কোন কাটাকাটি বা ওভার রাইটিং হলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।
- শুধুমাত্র 'X' ক্রস চিহ্ন দিয়ে আপনার ভোট দিন।
- শুধুমাত্র ২৩টি ভোট দিন। ২৩টি ভোটের বেশি বা কম হলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

# FBCCI পরিচালনা পর্ষদের নির্বাচন ২০২৩-২০২৫

## প্রার্থীদের জন্য নির্দেশিকা

- নির্বাচনী প্রচারনার জন্য কোন ব্যানার, ফেস্টুন, দেয়াল লিখন করা যাবে না।
- কোন মিছিল বা শো-ডাউন করা যাবে না।
- শুধুমাত্র সাদা-কালো ছবিসহ লিফলেট ছাপিয়ে ভোটারের মাঝে প্রচারনা চালানো যাবে।
- ভোটারের নিকট উপহার সামগ্রী পাঠানো যাবে না।
- কোন প্রার্থী ব্যক্তিগত বা যৌথভাবে হোটেল/রেস্টুরেন্ট বা কমিউনিটি সেন্টারে প্রচারনা সভা বা ভোজের আয়োজন করতে পারবেন না।
- নির্বাচনের ৪৮ ঘন্টা পূর্বেই সকল ধরনের প্রচারনা শেষ করতে হবে।
- নির্বাচনের দিনে নির্বাচন কেন্দ্রের ১০০ গজের মধ্যে কোন প্রচারনা চালানো যাবে না।
- নির্বাচন কেন্দ্রের মধ্যে কোন প্রার্থী অপ্রয়োজনীয়ভাবে ঘোরাফেরা বা নির্বাচন কাজে ব্যাঘাত ঘটে বা পরিবেশ বিঘ্নিত হয় এমন কোন কার্যক্রম করতে পারবেন না।
- ভোটের দিন পোলিং এলাকায় একটি নির্ধারিত স্থানে প্রার্থীগণ বসতে পারবেন এবং ভোট প্রক্রিয়া অবলোকন করতে পারবেন। অযথা ঘোরাফেরা ও প্রচারণা চালাতে পারবেন না।
- ভোট কেন্দ্রে মোবাইল ফোন বন্ধ রাখুন। ভোট প্রদানের গোপন কক্ষে (পোলিং বুথ) মোবাইল ফোন নেয়া যাবে না। ভোট প্রদানকালে বুথে প্রবেশের মুখে রক্ষিত টেবিলে মোবাইল ফোনটি রেখে যেতে হবে।
- ভোট কেন্দ্রে ধুমপান করা যাবে না।
- ভোট কেন্দ্রে ছবি তোলা বা ভিডিওগ্রাফি করা বা ফেসবুকসহ অন্য কোন সোশ্যাল মিডিয়ায় লাইভ প্রচারণা করা যাবে না।
- নির্বাচনকে সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে নির্বাচন বোর্ড, নির্বাচনে নিযুক্ত কর্মকর্তা ও আইন শৃংখলা বাহিনীকে সহায়তা করুন।

=====০০০=====